

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদপ্তর  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.২১৭

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১  
১২ মার্চ ২০২৫


বিষয়: ২০২৪-২৫ অর্থবছরের ৩য় কিস্তির নির্ভুল পে-রোল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের উপকারভোগীর ভাতার অর্থ MFS নগদ/বিকাশ এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে G2P পদ্ধতিতে প্রেরণ করা হচ্ছে। ২০২৪-২৫ অর্থবছরে নিয়মিত এবং বর্ধিত উপকারভোগীদের যাচাই-বাছাই সম্পন্ন করে জীবিত ও সঠিক হিসাব নম্বরের অনুকূলে পবিত্র ঈদুল ফিতরের পূর্বে ৩য় কিস্তির অর্থ প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার কর্তৃক নির্ভুল পে-রোল প্রেরণ আবশ্যিক।

২। তাঁর আওতাধীন বিভিন্ন উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় থেকে ৩য় কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই ভাতাভোগীর মোবাইল নম্বর ও তথ্য সংশোধনপূর্বক স্ব স্ব দপ্তরে সংরক্ষণ করতে হবে।

৩। বর্ণিতাবস্থায়, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশক্রমে বিদ্যমান MIS (পুরাতন MIS) এর মাধ্যমে তাঁর আওতাধীন উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক আবশ্যিকভাবে আগামী ১৩-১৫ মার্চ ২০২৫ এর মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩য় কিস্তির নির্ভুল পে-রোল প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরিচালক  
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)  
.....

  
(মোঃ মোশিররফ হোসেন)  
পরিচালক (সামাজিক নিরাপত্তা)  
ফোন: ০২-৪৪৮২৬৮০১

অনুলিপি: জ্ঞাতার্থ ও কার্যার্থ:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), .....
৬. সমাজসেবা অফিসার, উপজেলা / শহর সমাজসেবা কার্যালয় (সকল) ,.....